

CORRIGENDUM

এতদ্বারা গড়বেতা এলাকার অধিবাসিবৃন্দকে জানানো যায় যে, গড়বেতা-১নং পঞ্চায়েত সমিতির দ্বারা পরিচালিত পঞ্চায়েত সমিতি এলাকার অন্তর্গত গণগণি পিকনিক স্পটটির নীলাম অক ২৬.১১.২০২১ তারিখের পরিবর্তে আগামী ২৯.১১.২১ তারিখে দুপুর ৩.০০ টায় নভেম্বর ২০২১ থেকে ডিসেম্বর ২০২২ সময় কালের জন্য আয়োজন করা হয়েছে। ইচ্ছুক ব্যক্তিগণকে উপস্থিত থাকার আহ্বান জানানো হল।

নীলাম অক হবে সর্বনিম্ন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা হইতে।

উল্লেখযোগ্য শর্তাদি সমূহ -

১. ডাকে অংশগ্রহণের জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকার ডিম্যান্ড ড্রাফট সাথে নিয়ে আসতে হবে in favour of Executive Officer, Garhbeta-1 Panchayat Samiti
২. সর্বোচ্চ ডাককারী তার সমূহ টাকা নীলামের ৩ (তিন) দিনের মধ্যে পঞ্চায়েত সমিতির দপ্তরে জমা দিতে হবে।
৩. ডাক বাতিলের অধিকার পঞ্চায়েত সমিতির থাকবে।
৪. প্রয়োজনে ডাকের দিন পরিবর্তন হতে পারে।
৫. বিস্তারিত বিবরণ পঞ্চায়েত সমিতির দপ্তরে ও ওয়েবসাইটে <https://www.bdogarhbeta1.com> পাওয়া যাবে।
৬. সর্বোচ্চ ডাককারী ডাকের সমূহ অর্থ মিটিয়ে দিতে না পারলে, দ্বিতীয় ডাককারীকে তার ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। যদি দ্বিতীয় ডাককারী ব্যর্থ হয় তবে তৃতীয় ডাককারীকে সুযোগ দেওয়া হবে।
৭. নীলাম প্রাপক নিজ দায়িত্বে পিকনিক স্পটটির পরিষ্কার ও পরিচ্ছন্নতার ভার বহন করবে। প্রত্যেক পিকনিক পার্টিকে দুটি (মিনিমাম ৩০/৪০ ইঞ্চি) বড় সাইজের পচনশীল কাপড়ের ব্যাগ দিতে হবে, যার মধ্যে তারা বর্জ্য পদার্থগুলি প্যাকেট করে রাখতে পারে। সমস্ত প্যাকেটগুলি একত্রিত করে নির্দিষ্ট জায়গায় জমা করতে হবে।
৮. খোলা জায়গায় / প্রকাশ্যে মদ্যপান করা যাবে না।
৯. পিকনিক স্পটটির সুস্থ ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে হবে।
১০. সর্বোচ্চ ৬৫ ডেসিবেল সাউন্ড সিস্টেম ব্যবহার করা যাবে।
১১. ডি.জে.সি.সি. (বক্স) ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
১২. ইলেকট্রিক বিল প্রদান ডাক গ্রহনকারীকে বহন করতে হবে।
১৩. গণগণি পিকনিক স্পটের উপরের অংশে ৩(তিন) টি ৩ ফুট ব্যাস ও ৪ ফুট উচ্চতা বিশিষ্ট কংক্রিটের পাট দ্বারা ভাট বানাতে হবে এবং সেগুলির নিয়মিত পরিষ্কার করতে হবে।
১৪. পিকনিক স্পটে অবস্থিত আবাসটির শৌচাগারটি পরিষ্কার পরিচ্ছন্ন করে ব্যবহার উপযোগী করে দিতে হবে এবং পিকনিক স্পটে আগত পর্যটকদের সুবিধার্থে এই পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।
১৫. পিকনিক স্পটে আগত পর্যটকদের সুবিধার্থে উপরে ৫(পাঁচ) টি আচ্ছাদন বিশিষ্ট অস্থায়ী শৌচাগার নির্মাণ করে দিতে হবে।
১৬. গড়বেতা হইতে হুমগড় যাইবার রাস্তা হইতে পিকনিক স্পটে যাওয়ার রাস্তা ও তৎসহ পিকনিক স্পটের রাস্তার বিভিন্ন মোড়ে কমপক্ষে ৫ টি জায়গায় দিক নির্দেশক ফলক লাগাতে হবে।
১৭. গণগণি পিকনিক স্পটটি সম্পূর্ণরূপে প্লাস্টিক বর্জিত এলাকা, পিকনিক স্পটে কোনরূপ প্লাস্টিক বা থার্মোকলের জিনিসপত্র ব্যবহার নিষিদ্ধ।
১৮. পিকনিক স্পটের সম্পদের কোনরূপ ক্ষতিসাধন করা হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৯. Boundary এর ভিতর Project area টি বাদ রেখে বাকী অংশ টি নীলামে প্রযোজ্য।

গড়বেতা - ১ নং পঞ্চায়েত সমিতি
গড়বেতা : পশ্চিম মেদিনীপুর

স্মারক নং - ৮০২(১৬)

নির্বাহী আধিকারিক
গড়বেতা-১নং পঞ্চায়েত সমিতি

তারিখ - ২৫.১১.২০২১

অনুলিপি অবগতি এবং সার্বিক প্রচারের জন্য প্রেরিত হল -

- ১) সভাপতি, গড়বেতা - ১ নং পঞ্চায়েত সমিতি
- ২-১৩) প্রধান(সকল) গ্রাম পঞ্চায়েত
- ১৪) গড়বেতা থানা
- ১৫) পোস্ট অফিস, আমলাগোড়া/ গড়বেতা
- ১৬) অফিস নোটিশ বোর্ড

নির্বাহী আধিকারিক
গড়বেতা-১নং পঞ্চায়েত সমিতি